ক্রীড়ায় শ্রেষ্ঠত্ব

Excellence in Sports

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

জিরানী, সাভার, ঢাকা।

প্রশাসন শাখা

বিকেএসপি এপিএ টিমের ২০২২-২৩ অর্থবছরের প্রথম সভার কার্যবিবরণী

সভাপতি	মুহম্মদ আনোয়ার হোসেন পরিচালক
সভার তারিখ	২১ আগস্ট ২০২২ খ্রিঃ
সভার সময়	বেলা ১০:৩০ ঘটিকা
স্থান	পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর দপ্তর, বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট- 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপপরিচালক (প্রশাসন) জনাব মোঃ ছগির হোসেন'কে আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপনের জন্য আহ্বান জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সুপারিশ গৃহীত হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা ও সুপারিশ	বাস্তবায়ন
১।	২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা ও অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত।	উপপরিচালক (প্রশাসন) ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা ও অগ্রগতিসমূহ সভায় উপস্থাপন করেন। উপপরিচালক (প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে ২.২ এর লক্ষ্যমাত্রা কোচেস সার্টিফিকেট কোর্স সম্পন্ন করা হয়েছে। কোর্সে ৬০ (ষাট) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। সভায় ২০২২-২৩ অর্থবছরের এপিএ-এর লক্ষ্যমাত্রাসমূহ পর্যালোচনা করা হয়। **<u>সুপারিশ</u>** : ২০২২-২৩ অর্থবছরের এপিএ-এর লক্ষ্যমাত্রাসমূহ যথাসময় বাস্তবায়নের লক্ষ্যে একটি বর্ষপঞ্জি তৈরির সুপারিশ গৃহীত হয়।	উপপরিচালক (প্রশাসন)
২।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩-এর অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত।	উপপরিচালক (প্রশাসন) ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা ও অগ্রগতিসমূহ সভায় উপস্থাপন করেন। সভায় ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রাসমূহ পর্যালোচনা করা হয়। **<u>সুপারিশ</u>** : ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা পর্যালোচনা করে নিম্নবর্ণিত সুপারিশ গৃহীত হয়: (ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.৩ নম্বর অনুচ্ছেদের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে সেপ্টেম্বর, ২০২২ মাসের শেষ সপ্তাহে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আহ্বানের সুপারিশ গৃহীত হয়।	উপপরিচালক (প্রশাসন)

		(খ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২.১ নম্বর অনুচ্ছেদের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য আগামী ২৯/০৮/২০২২ তারিখের মধ্যে ২০২২-২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশের সুপারিশ গৃহীত হয়।	উপপরিচালক (প্রশাসন)
		(গ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২.৪ নম্বর অনুচ্ছেদের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য সেপ্টেম্বর, ২০২২ মাসে প্রকল্পের PIC সভা আয়োজনের সুপারিশ গৃহীত হয়।	নির্বাহী প্রকৌশলী
		(ঘ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.৬ নম্বর অনুচ্ছেদের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য আগামী ২৯/০৯/২০২২ তারিখে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমুহ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক সভা আয়োজনের সুপারিশ গৃহীত হয়।	উপপরিচালক (প্রশাসন)
		(ঙ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩.১ নম্বর অনুচ্ছেদে বর্ণিত সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ সংক্রান্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য সেপ্টেম্বর, ২০২২ মাসে গাড়ী চালক ও হেলপারদের অংশগ্রহণে ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজনের সুপারিশ গৃহীত হয়।	উপপরিচালক (প্রশাসন)
৩।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ -এর অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত।	উপপরিচালক (প্রশাসন) ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা ও অগ্রগতিসমূহ সভায় উপস্থাপন করেন। সভায় ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রাসমূহ পর্যালোচনা করা হয়। **<u>সুপারিশ</u>** : ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা পর্যালোচনা করে নিম্নবর্ণিত সুপারিশ গৃহীত হয়: (ক) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২.২.১ নম্বর অনুচ্ছেদের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে আগস্ট, ২০২২ মাসের শেষ সপ্তাহে (০১টি) এবং সেপ্টেম্বর, ২০২২ মাসে (০১টি) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজনের সুপারিশ গৃহীত হয়।	উপপরিচালক (প্রশাসন)
		(খ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১.৪,২ নম্বর অনুচ্ছেদের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে সেপ্টেম্বর, ২০২২ মাসে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজনের সুপারিশ গৃহীত হয়।	উপপরিচালক (প্রশাসন)
৪।	অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩-এর অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত।	উপপরিচালক (প্রশাসন) ২০২২-২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা ও অগ্রগতিসমূহ সভায় উপস্থাপন করেন। সভায় ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রাসমূহ পর্যালোচনা করা হয়। **<u>সুপারিশ</u>** : ২০২২-২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা পর্যালোচনা করে নিম্নবর্ণিত সুপারিশ গৃহীত হয়: (ক) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার ১.১ নম্বর অনুচ্ছেদের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য নির্ধারিত সেপ্টেম্বর, ২০২২ মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে ওয়েবসাইটে হালনাগাদ করার সুপারিশ গৃহীত হয়।	উপপরিচালক (প্রশাসন)

		(খ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার ২.৪ নম্বর অনুচ্ছেদের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে সেপ্টেম্বর, ২০২২ মাসের শেষ সপ্তাহে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আহ্বানের সুপারিশ গৃহীত হয়।	উপপরিচালক (প্রশাসন)
		(গ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার ২.১ নম্বর অনুচ্ছেদের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে সেপ্টেম্বর ২০২২ মাসে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজনের সুপারিশ গৃহীত হয়।	উপপরিচালক (প্রশাসন)
৫।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ -এর অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত।	উপপরিচালক (প্রশাসন) ২০২১-২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা ও অগ্রগতিসমূহ সভায় উপস্থাপন করেন। সভায় ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রাসমূহ পর্যালোচনা করা হয়। **<u>সুপারিশ</u>** : ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা পর্যালোচনা করে নিম্নবর্ণিত সুপারিশ গৃহীত হয়: (ক) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৪ নম্বর অনুচ্ছেদের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে সেপ্টেম্বর, ২০২২ মাসের ৩য় সপ্তাহের মধ্যে বিকেএসপি'র সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করার সুপারিশ গৃহীত হয়।	উপপরিচালক (প্রশাসন)
		(খ) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ২.২ নম্বর অনুচ্ছেদের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে সেপ্টেম্বর, ২০২২ মাসের শেষ সপ্তাহে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আহ্বানের সুপারিশ গৃহীত হয়।	উপপরিচালক (প্রশাসন)
৬।	তথ্য অধিকার বিষয়ে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত।	উপপরিচালক (প্রশাসন) ২০২২-২৩ অর্থবছরের তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা ও অগ্রগতিসমূহ সভায় উপস্থাপন করেন। সভায় ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রাসমূহ পর্যালোচনা করা হয়। **<u>সুপারিশ</u>** : ২০২২-২৩ অর্থবছরের তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনার ১.৫ নম্বর অনুচ্ছেদের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে সেপ্টেম্বর, ২০২২ মাসের শেষ সপ্তাহে তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সংক্রান্ত সভা আহ্বানের সুপারিশ গৃহীত হয়।	উপপরিচালক (প্রশাসন)
৭।	আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমুহের ২০২২-২৩ অর্থবছরের এপিএ পর্যালোচনা সংক্রান্ত।	আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমুহের উপপরিচালকগণ স্ব স্ব কেন্দ্রের ২০২২-২৩ অর্থবছরের এপিএ সভায় উপস্থাপন করেন। সভায় আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমুহের কর্মপরিকল্পনা পর্যালোচনা করা হয়। **<u>সুপারিশ</u>** : প্রতি কোয়ার্টারের শেষ সপ্তাহে অর্থাৎ ২৫ তারিখের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের সুপারিশ গৃহীত হয়।	

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মুহম্মদ আনোয়ার হোসেন
পরিচালক

স্মারক নম্বর: ৩৪.০৪.০০০০.০০১.১৮.৯৬২.১৫.১৩৫৯ তারিখ: ১৪ ভাদ্র ১৪২৯

২৯ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

২) পরিচালক, প্রশিক্ষণ শাখা , বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

৩) অধ্যক্ষ, কলেজ শাখা, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

৪) উপ-পরিচালক, প্রশিক্ষণ শাখা , বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

৫) উপ-পরিচালক, উপ-পরিচালক (ক্রীড়া বিজ্ঞান), বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

৬) উপ-পরিচালক, উপ-পরিচালক (আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর), বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

৭) উপ-পরিচালক, উপ-পরিচালক (আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা) , বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

৮) উপ-পরিচালক, উপ-পরিচালক (আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল) , বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

৯) উপ-পরিচালক, উপ-পরিচালক (আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট), বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

১০) উপ-পরিচালক, উপ-পরিচালক (আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম), বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

১১) উপপরিচালক, উপপরিচালক (আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, কক্সবাজার), বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

১২) উপাধ্যক্ষ, কলেজ শাখা, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

১৩) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল শাখা, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

১৪) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

১৫) রেকর্ড কিপার, প্রশাসন শাখা , বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান



মোঃ ছগির হোসেন
উপ-পরিচালক